

## ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

- ৯. ঘুমানোর সময় এবং ঘুম থেকে ওঠার সময় দো'আ
- (ক) ঘুমানোর সময় ডান কাতে শুয়ে বলবে, بِاسْمِكَ اللَّهُمَّ أَمُوْتُ وَأَحْيَا 'বিসমিকাল্লা-হুম্মা আমূতু ওয়া আহ্ইয়া' (হে আল্লাহ! তোমার নামে আমি মরি ও বাঁচি'। অর্থাৎ তোমার নামে আমি শয়ন করছি এবং তোমারই দয়ায় আমি পুনরায় জাগ্রত হব)।
- (খ) ঘুম থেকে ওঠার সময় বলবে, اَلْحَمْدُ لِلهِ النَّرِيُ أَحْيَانَا بَعْدَ مَا أَمَاتَنَا وَإِلَيْهِ النَّشُوْرُ वालহামদুলিল্লা-হিল্লাযী আহইয়া-না বা'দা মা আমা-তানা ওয়া ইলাইহিন নুশূর' (সমন্ত প্রশংসা সেই আল্লাহর জন্য, যিনি আমাদেরকে মৃত্যু দানের পর জীবিত করলেন এবং কিয়ামতের দিন তাঁর দিকেই হবে আমাদের পুনরুখান)। [99]

## ফুটনোট

[99] . বুখারী হা/৬৩১৫, ৬৩২৪; মুত্তাফার্ক 'আলাইহ, মিশকাত হা/২৩৮২, ২৩৮৪, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, অনুচ্ছেদ-৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9268

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন